গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
উন্নয়ন-৪ অধিশাখা
www.shed.gov.bd

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৩.৫৪.০০১.১৯-০৭১

তারিখ: ০৩ আষাঢ়, ১৪২৮
১৭ জুন, ২০২১

বিষয়: "ন্যাশনাল একাডেমি ফর অটিজম এন্ড নিউরো-ডেভেলপমেন্টাল ডিজএ্যাবিলিটিজ (NAAND)" শীর্ষক প্রকল্পের আওতায় অস্থায়ী একাডেমির কার্যক্রম সরেজমিনে পরিদর্শনের প্রতিবেদন।

সূত্র : (১) ৩৭.০০.০০০০.০৭৫.০১.০০৪.২০.১২৫; তারিখ : ১০/০৬/২০২১ খ্রি.
(২) ৩৭.০০.০০০০.০৬৩.০৬.০০১.১৭-০৬৪; তারিখ: ১৪/০৬/২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে আমি নিম্নস্বাক্ষরকারী গত ১৬/০৬/২০২১ ইং "ন্যাশনাল একাডেমি ফর অটিজম এন্ড নিউরো-ডেভেলপমেন্টাল ডিজএ্যাবিলিটিজ (NAAND)" শীর্ষক প্রকল্পের আওতায় সেগুন বাগিচায় (৬/এ, সেগুন বাগিচা, তিনতলাবিশিষ্ট বাড়ি) ভাড়া বাড়িতে NAAND-এর অস্থায়ী একাডেমি পরিদর্শন করি। পরিদর্শনকালে নিম্নরূপ পর্যবেক্ষণ লক্ষ্য করা যায়:

(ক) অস্থায়ী একাডেমি কর্তৃক পরিচালিতব্য ছাত্র-ছাত্রী (৬ষ্ঠ থেকে অষ্টম) ভর্তি প্রক্রিয়াধীন রয়েছে;
(খ) অটিজম ও অন্যান্য প্রতিবন্ধী শিক্ষার্থী এবং অভিভাবকদের কাউন্সিলিং সেবা ও সাইকোথ্যারাপি সেবা অব্যাহত আছে;
(গ) প্রতিবন্ধী শিশুদের জন্য পরিচালিত চলমান ১০টি স্কুলের শিক্ষাদান পদ্ধতি ও শিক্ষা সামগ্রী বিষয়ে সার্ভে করা হয়েছে;
(ঘ) অস্থায়ী একাডেমি কর্তৃক পরিচালিতব্য প্রশিক্ষণ ম্যানুয়াল তৈরির কাজ প্রক্রিয়াধীন;
(ঙ) NAAND অস্থায়ী একাডেমির সেবা কার্যক্রম পরিচালনার খসড়া গাইড লাইন তৈরি করা হয়েছে;
(চ) অটিজম ও এনডিডিসহ বিভিন্ন ধরণের প্রতিবন্ধী শিশুদের প্রতিবন্ধকতা ধরণ সনাক্ত করার জন্য প্রয়োজনীয় এসেসমেন্ট টুলস ক্রয় প্রক্রিয়াধীন রয়েছে;
(ছ) Covid-19 এর পরিস্থিতির কারণে ছাত্র-ছাত্রী ভর্তি কার্যক্রম স্থগিত রয়েছে।

**<u>সুপারিশ সমূহ:</u>**

(১) অটিজম ও এনডিডিসহ বিভিন্ন ধরণের প্রতিবন্ধী শিশুদের জন্য অস্থায়ী একাডেমি কর্তৃক সেবা প্রদানের সিটিজেন চার্টার তৈরি করতে হবে;
(২) অটিজম ও এনডিডিসহ অন্যান্য প্রতিবন্ধকতা সম্পর্কিত বিভিন্ন ধরণের পুস্তক, গাইড লাইন, লিফলেট, চিত্রকর্ম, ফোল্ডার ও প্রচার পত্র অস্থায়ী একাডেমির সুবিধাজনক স্থানে ডিস্প্লে বোর্ড হিসেবে প্রদর্শন করতে হবে।

১৭/০৬/২০২১
(ড. মো: মনিরুজ্জামান)
উপসচিব (উন্নয়ন-৪)
ফোন- ৯৫৪৫৩১৪
ই-মেইল- dev4@moedu.gov.bd

প্রকল্প পরিচালক
"ন্যাশনাল একাডেমি ফর অটিজম এন্ড নিউরো-ডেভেলপমেন্টাল ডিজএ্যাবিলিটিজ (NAAND)" শীর্ষক প্রকল্প
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৩.৫৪.০০১.১৯-০৭১/১(০৫)

তারিখ: ০৩ আষাঢ়, ১৪২৮
১৭ জুন, ২০২১

**<u>অনুলিপি:</u>**

০১। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সহকারী সচিব, বার্ষিক কর্ম সম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৩। অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৪। যুগ্মসচিব (উন্নয়ন-২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৫। অফিস নথি।

১৭/০৬/২০২১
(ড. মো: মনিরুজ্জামান)
উপসচিব (উন্নয়ন-৪)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**ন্যাশনাল একাডেমি ফর অটিজম এন্ড নিউরো-ডেভেলপমেন্টাল ডিজএ্যাবিলিটিজ (NAAND)**
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা-১০০০

নথি নং : মাউশি/NAAND/প্রশাসন/০২/২০২১/৩০

তারিখ : ১৬/০৬/২০২১ খ্রি.

**বিষয় : ন্যাশনাল একাডেমি ফর অটিজম এন্ড নিউরো-ডেভেলপমেন্টাল ডিজএ্যাবিলিটিজ-NAAND (অস্থায়ী ক্যাম্পাস) এর কার্যক্রম অবহিতকরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের অধীন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন **ন্যাশনাল একাডেমি ফর অটিজম এন্ড নিউরো-ডেভেলপমেন্টাল ডিজএ্যাবিলিটিজ** (NAAND) প্রকল্পটি মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকার ভিত্তিক একটি প্রকল্প। প্রকল্পটির মূল উদ্দেশ্য হল একটি আন্তর্জাতিক মানের আধুনিক ও যুগোপযোগী জাতীয় একাডেমী প্রতিষ্ঠা করা এবং এর মাধ্যমে দেশের অটিজম ও এনডিডি শিশুদেরকে সমাজের মূলধারায় সম্পৃক্ত করা। আরডিপিপি (২য় সংশোধনী) মোতাবেক স্থায়ী একাডেমি চালু হওয়ার পূর্ব পর্যন্ত স্বল্প পরিসরে একটি অস্থায়ী একাডেমির মাধ্যমে অটিজম ও এনডিডি শিক্ষার্থীদের শিক্ষাগত সেবা, প্রশিক্ষণ, থেরাপিউটিক সেবা, কাউন্সেলিং সেবা প্রদান, মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের প্রায়োগিক প্রশিক্ষণ প্রদান এবং অটিজম ও এনডিডি বিষয়ে উচ্চতর গবেষণা পরিচালনার জন্য ঢাকা শহরের প্রাণকেন্দ্র ৬/এ সেগুনবাগিচায় একটি স্বতন্ত্র বাড়ী ভাড়া করা হয়েছে। গত ০৪ অক্টোবর ২০২০ তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষামন্ত্রী **ডা. দীপু মনি** এম. পি. ও মাননীয় শিক্ষা উপমন্ত্রী **জনাব মুহিবুল হাসান চৌধুরী** এম. পি. আনুষ্ঠানিকভাবে NAAND (অস্থায়ী ক্যাম্পাস) এর শুভ উদ্বোধন করেন। কোভিড-১৯ পরিস্থিতি স্বাভাবিক হলে সরকারের নির্দেশনা সাপেক্ষে NAAND (অস্থায়ী ক্যাম্পাস)-এ অটিজম ও এনডিডি (অটিজম স্পেকট্রাম ডিজঅর্ডার, সেরিব্রাল পালসি, ডাউন সিনড্রম ও বুদ্ধি প্রতিবন্ধিতা) শিক্ষার্থীদের ভর্তি কার্যক্রম চালু হবে। বর্তমানে একাডেমীর দাপ্তরিক কার্যক্রম চলমান রয়েছে। উদ্বোধনীর পর হতে অদ্যাবধি এক নজরে ন্যাশনাল একাডেমি ফর অটিজম এন্ড নিউরো-ডেভেলপমেন্টাল ডিজএবিলিটিজ -NAAND এর চলমান কার্যক্রমসমূহ নিম্নরূপ:

১। একাডেমি কর্তৃক পরিচালিতব্য বিশেষ বিদ্যালয়ে ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেনীতে ছাত্র-ছাত্রী ভর্তির জন্য গত ১৬/০২/২০২১ তারিখে দুটি জাতীয় পত্রিকায় (The Daily Star এবং ইত্তেফাক) ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশ।

২। ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশের প্রেক্ষিতে শিক্ষার্থী ও অভিভাবকদের ভর্তি সংক্রান্ত তথ্য ও ফরম প্রদান এবং ভর্তিকরণ।

৩। অটিজম ও অন্যান্য প্রতিবন্ধী শিক্ষার্থী ও অভিভাবকগণকে কাউন্সিলিং ও সাইকোথেরাপি সেবা প্রদান এবং যথাযথভাবে রেফারেল করণ।

৪। একাডেমি ও প্রকল্পের কর্মকর্তাগণ কর্তৃক অদ্যাবধি প্রতিবন্ধী শিশুদের জন্য পরিচালিত ১০টি বিশেষ স্কুল পরিদর্শন করে স্কুল পরিচালনা, পাঠদান পদ্ধতি, প্রয়োজনীয় শিক্ষা সামগ্রী ও অন্যান্য সেবা প্রদান সম্পর্কে ধারণা অর্জন।

৫। একাডেমিক কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদন ও একীভূত শিক্ষা বাস্তবায়ন করার জন্য বিশেষ স্কুলের সাথে সাধারণ স্কুল পরিদর্শন ও অভিজ্ঞতা অর্জন।

৬। বিশেষ স্কুল ও সাধারণ স্কুল পরিদর্শনের পরে নিজেদের মধ্যে অভিজ্ঞতা বিনিময় ও কার্যকরী পদক্ষেপ গ্রহণ।

৭। মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকগণের জন্য পরিচালিতব্য 'On the job training' এর প্রশিক্ষণসুচী প্রণয়ন।

৮। RDPP অনুসারে একাডেমির গবেষণা সেল কর্তৃক পরিচালিতব্য গবেষণার খসড়া নীতিমালা প্রণয়ন।

৯। শিক্ষার্থীদের শিক্ষাদান কর্মসূচী যথাযথ বাস্তবায়নের জন্য বিশেষ স্কুল হতে স্পেশাল এডুকেটর প্রাপ্তির জন্য প্রকল্প পরিচালকের মাধ্যমে সমাজকল্যাণ মন্ত্রণালয়ে সার্বক্ষনিক যোগাযোগ রক্ষাকরণ।

১০। শিক্ষার্থীদের সহ পাঠক্রমিক কার্যাবলী পরিচালনার জন্য নৃত্য/গীত বিষয়ের সাংস্কৃতিক শিক্ষক প্রাপ্তির জন্য জাতীয় শিল্পকলা একাডেমির সম্মানিত মহাপরিচালকের সাথে সাক্ষাত ও সম্মতি প্রাপ্তি।

১১। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা এর নিকট চাহিদাপত্র প্রেরণ করে ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণি পর্যন্ত পাঠ্যপুস্তক সংগ্রহ করন।

১৩। একাডেমি কর্তৃক পরিচালিতব্য প্রশিক্ষণের প্রশিক্ষণ ম্যানুয়াল তৈরির কাজ প্রক্রিয়াধীন।

১৪। NAAND- অস্থায়ী ক্যাম্পাস এর সেবা কার্যক্রম পরিচালনার খসড়া গাইডলাইন তৈরি করণ।

১৫। 'কোভিড-১৯ প্রেক্ষাপটে অটিজম ও এনডিডি শিক্ষার্থীদের Virtual Learning এর চ্যালেঞ্জসমূহ ও করণীয়' শিরোনামে একটি গবেষণা কর্ম পরিচালনা।

১৬। বিশ্ব অটিজম সচেতনতা দিবস -২০২১ উপলক্ষ্যে 'কোভিড-১৯ প্রেক্ষাপটে অটিজম ও এনডিডি শিক্ষার্থীদের Virtual Learning এর চ্যালেঞ্জসমূহ ও করণীয়' শীর্ষক ওয়েবিনার এর আয়োজন যেখানে মাউশি অধিদপ্তরের সম্মানিত মহাপরিচালক মহোদয়, পরিচালক মহোদয়গণ এবং NAAND প্রকল্পের পিডি মহোদয়, বিভিন্ন বিশেষ শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকবৃন্দ, বিশেষ শিক্ষার্থীদের অভিভাবকবৃন্দ অংশগ্রহণ করেন ।

১৭। অটিজম সংক্রান্ত সকল ধরণের তথ্য প্রদান ও সচেতনতা তৈরিতে সক্রিয় ভূমিকা পালন।

১৮। NAAND একাডেমি (অস্থায়ী ক্যাম্পাস) কর্তৃক শিক্ষার্থীদের জন্য রুটিন প্রণয়ন।

১৯। NAAND- অস্থায়ী ক্যাম্পাস এর আর্থিক কার্যক্রম পরিচালনার জন্য সোনালী ব্যাংক লিমিটেড, সেগুনবাগিচা শাখায় চলতি হিসাব নং-৪৪৩২১০২০০০৬৬৮ এ NAAND নামে একটি হিসাব খোলা।

২০। বিশ্ব অটিজম সচেতনতা দিবস -২০২১ উপলক্ষ্যে ২রা-৪ঠা এপ্রিল পর্যন্ত NAAND- অস্থায়ী ক্যাম্পাস এ নীল বাতি প্রজ্জ্বলন করণ।

২১। মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের মানসিক স্বাস্থ্য উন্নয়ন বিষয়ক খসড়া গাইডলাইন/ ম্যানুয়েল ট্রাইআউট বিষয়ক কর্মসূচিতে অংশগ্রহন ও কর্মসূচি আয়োজনে সহযোগিতা করণ।

২২। একাডেমির অভ্যর্থনা কক্ষে অটিজম ও অন্যান্য প্রতিবন্ধিতা সম্পর্কিত বিষয়ে বিভিন্ন তথ্য সম্বলিত ডিসপ্লে বোর্ড স্থাপনের কাজ চলমান।

২৩। অটিজম ও এনডিডি সহ বিভিন্ন ধরণের প্রতিবন্ধী শিশুদের প্রতিবন্ধিতার ধরণ সনাক্তের জন্য প্রয়োজনীয় এসেসম্যান্ট টুলস ক্রয় প্রক্রিয়াধীন।

**চ্যালেঞ্জসমূহ:**

১। কোভিড পরিস্থিতির উন্নয়ন সাপেক্ষে বিদ্যালয়সমুহে শ্রেণি কার্যক্রমসহ সার্বিক শিক্ষা কার্যক্রম শুরু হলে একাডেমিস্থ বিশেষ বিদ্যালয়টিতে স্পেশাল এডুকেটর ও কেয়ার গিভারের শূন্যতা।

২। একাডেমির সার্বিক নিরাপত্তা ও পরিচ্ছন্নতা কার্যক্রমের জন্য প্রয়োজনীয় জনবলের অভাব।

৩। শিক্ষা কার্যক্রম শুরু হলে প্রয়োজনীয় অফিস সহায়কের অভাব।

16/06/2021

প্রফেসর মোহাম্মদ গিয়াস উদ্দিন-২৬৫৯

অধ্যক্ষ

ন্যাশনাল একাডেমি ফর অটিজম এন্ড নিউরো-ডেভেলপমেন্টাল

ডিসএবিলিটিজ-NAAND (অস্থায়ী ক্যাম্পাস)

৬/এ, সেগুনবাগিচা, ঢাকা।

ড. মো: মনিরুজ্জামান
উপসচিব (উন্নয়ন-৪)
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

প্রকল্প পরিচালক
NAAND প্রকল্প
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।